

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩২৫.১৬/২০২০

তারিখ : ১১/২০১৬ খ্রিঃ


বিষয় : ব্যাখ্যা/মতামত সম্বলিত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ালোকে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ব্রাহ্মনবাড়িয়া টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও এন্ড টিভি) জনাব সুদীপ্ত চক্রবর্তী এর বিরুদ্ধে ছাত্র-ছাত্রীদের উপর হামলা করা ও প্রাইভেট কোচিং ব্যবসা সম্পর্কে অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগে বলা হয়, তিনি প্রাইভেট কোচিং করতে বাধ্য করেন। নানা রকম ভয়ভীতি যেমন- পরীক্ষায় নম্বর কম দেয়া, পরীক্ষার হল থেকে বহিষ্কার করার মাধ্যমে পড়তে বাধ্য করান। সর্বোপরি তিনি তার স্বার্থ হাসিলে ব্যর্থ হলে ছাত্র-ছাত্রীদেরকে পরীক্ষার হলে শারীরিক নির্যাতন করেন। গত ১৭/১০/২০১৬ খ্রিঃ তারিখ ডিপ্লোমা পরীক্ষা চলাকালে ডিপ্লোমা ১ম পর্বের ছাত্র মোঃ সাব্বির হোসেন, রোল নং- ৩৮, পরীক্ষার হলে তার উত্তর পত্র নিয়ে যাওয়াসহ তাকে কিল ঘুষি খাঙ্গর সহ শারীরিক নির্যাতন করে আহত করেন। তাৎক্ষনিকভাবে তার কান দিয়ে রক্ত বের হয়। শারীরিক ভাবে নির্যাতনে তার শারীরিক ও মানসিক অবস্থার অবনতি হলে ব্রাহ্মনবাড়িয়া সদর হাসপাতালের চিকিৎসার জন্য নেয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে চিকিৎসা প্রদানসহ ই.এন.টি বিভাগে প্রেরণ করেন। এদিকে ঠিক ঐ সময়ই ডিপ্লোমা ১ম পর্বের ছাত্র রহমত উল্লাহ, রোল নং- ৪৭, তাকে প্রাইভেট কোচিং পড়াতে ব্যর্থ হয়ে তার উপর শারীরিকভাবে চড়াও হয় এবং তাকে শারীরিকভাবে পিটিয়ে আহত করেন। শারীরিক নির্যাতনের পর এ ব্যাপারে কারও নিকট মুখ খুললে কলেজ থেকে বহিষ্কারের হুমকি প্রদান করেন। তার অত্যাচারে যে কোন ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ বিপন্ন হতে পারে বলে অভিযোগকারীরা আবেদনে উল্লেখ করেছেন। এছাড়াও ৯ম-১০ম শ্রেণীর অধিকাংশ ছাত্র-ছাত্রী তার ভয়ে মুখ খুলতে পারছে না। এজন্য তারা তাঁর অপসারণের আবেদন জানিয়েছেন।

এমতাবস্থায়, ব্রাহ্মনবাড়িয়া টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ-কে উল্লেখিত অভিযোগসমূহের বিষয়ে প্রমানকসহ ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রদানের জন্য অনুরোধ করা হ'ল।

অধ্যক্ষ
ব্রাহ্মনবাড়িয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ
ব্রাহ্মনবাড়িয়া।


১১.১১.১৬
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

অনুলিপি:

১/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।